গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, বাজেট শাখা-১১
www.mof.gov.bd

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০০৭.২০২১(অংশ-১)-৩৩৬

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩২
১০ আগস্ট ২০২৫

**পরিপত্র**

**বিষয়: ক) গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা/'সরকারি বা যৌথ মালিকানাধীন কোম্পানী (অর্থাৎ যে সকল কোম্পানীতে সরকারের শেয়ার আছে বা মালিকানা আছে এরূপ)' সমূহের পূর্তকাজ সম্পাদন/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদন বিষয়ে আর্থিক ক্ষমতা পুনঃনির্ধারণ প্রসংগে।**
**খ) সংবিধিবদ্ধ সংস্থার স্ব-অর্থায়নপুষ্ট প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনে আর্থিক ক্ষমতা পুন:নির্ধারণ প্রসংগে।**

সূত্র: (i) ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৬, তারিখ: ১৬/০৮/২০১৫ খ্রিঃ
(ii) ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৬৪৭, তারিখ: ০৬/১২/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা/'সরকারি বা যৌথ মালিকানাধীন কোম্পানী (অর্থাৎ যে সকল কোম্পানীতে সরকারের শেয়ার আছে বা মালিকানা আছে এরূপ)' সমূহের পূর্তকাজ সম্পাদন/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদন এবং সংবিধিবদ্ধ সংস্থার স্ব-অর্থায়নপুষ্ট প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনের ক্ষেত্রে অর্পিত আর্থিক ক্ষমতা নিম্নরূপভাবে নির্দেশক্রমে পুন:নির্ধারণ করা হলো:

**ক) উন্নয়ন খাতঃ**

| আর্থিক ক্ষমতা অর্পণ পুস্তিকার ক্র: নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/সরকারি বা যৌথ মালিকানাধীন কোম্পানী (অর্থাৎ যে সকল কোম্পানীতে সরকারের শেয়ার আছে বা মালিকানা আছে এরূপ)'/সংবিধিবদ্ধ সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ক-শ্রেণি*৩ (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি*৩ ৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি*৩ (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | পূর্তকাজ (নির্মাণ/স্থাপনা) সম্পাদনের ক্ষেত্রে*১ | ১০০ (একশত) কোটি টাকা পর্যন্ত | ৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত | ২৫ (পঁচিশ) কোটি টাকা পর্যন্ত | ২০ (বিশ) কোটি টাকা পর্যন্ত | ১৫ (পনেরো) কোটি টাকা পর্যন্ত | ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত |
| ২. | পণ্য/যন্ত্রপাতি/মালামাল/ সরঞ্জামাদি সংগ্রহের ক্ষেত্রে*১ | ১০০ (একশত) কোটি টাকা পর্যন্ত | ৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত | ২০ (বিশ) কোটি টাকা পর্যন্ত | ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত | ৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত | ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত |
| ৩. | পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহণ*১ | ৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত | ৮ (আট) কোটি টাকা পর্যন্ত | ৭ (সাত) কোটি টাকা পর্যন্ত | ৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত | ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত | ১ (এক) কোটি টাকা পর্যন্ত |

*১ গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/'সরকারি বা যৌথ মালিকানাধীন কোম্পানী (অর্থাৎ যে সকল কোম্পানীতে সরকারের শেয়ার আছে বা মালিকানা আছে এরূপ)'/সংবিধিবদ্ধ (নিজস্ব অর্থায়নের ক্ষেত্রে) সংস্থাসমূহের পূর্তকাজ ও ভৌত সেবা অনুমোদন এবং পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ১০০ কোটি টাকার উর্ধ্বে এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের ক্ষেত্রে ৩০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করতে হবে;

*২ মন্ত্রণালয়/বিভাগ কিংবা সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের জন্য প্রযোজ্য ক্ষেত্রে কলাম ৬, ৭ অথবা ৮ অনুসরণ করতে হবে;

*৩ বোর্ড অব ডাইরেক্টরস/সংস্থার নির্বাহী প্রধান প্রয়োজন বোধে তাদের স্ব স্ব সংস্থায় কর্মরত কর্মকর্তাদেরকে জাতীয় বেতন স্কেলের গ্রেড অনুসরণেও এ আর্থিক ক্ষমতা অর্পণ করতে পারবেন।

D:\SHAHANUR\DOCUMENTS\LETTER-11.UNI.DOC

**খ) পরিচালন খাতঃ**

| আর্থিক ক্ষমতা অর্পণ পুস্তিকার ক্র: নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/'সরকারি বা যৌথ মালিকানাধীন কোম্পানী (অর্থাৎ যে সকল কোম্পানীতে সরকারের শেয়ার আছে বা মালিকানা আছে এরূপ)'/সংবিধিবদ্ধ সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | আঞ্চলিক অফিস/ইউনিট প্রধানগণ*৩ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | পূর্তকাজ (নির্মাণ/স্থাপনা) সম্পাদনের ক্ষেত্রে*১ | ১০০ (একশত) কোটি টাকা পর্যন্ত | ৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত | ১৬ (ষোলো) কোটি টাকা পর্যন্ত | ৪ (চার) কোটি টাকা পর্যন্ত |
| ২. | পণ্য/যন্ত্রপাতি/মালামাল/ সরঞ্জামাদি সংগ্রহের ক্ষেত্রে*১ | ৫০ (পঞ্চাশ) কোটি টাকা পর্যন্ত | ৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত | ৮ (আট) কোটি টাকা পর্যন্ত | ২ (দুই) কোটি টাকা পর্যন্ত |
| ৩. | পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহণ*১ | ২০ (বিশ) কোটি টাকা পর্যন্ত | ৮ (আট) কোটি টাকা পর্যন্ত | ২ (দুই) কোটি টাকা পর্যন্ত | বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা |

*১ গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/'সরকারি বা যৌথ মালিকানাধীন কোম্পানী (অর্থাৎ যে সকল কোম্পানীতে সরকারের শেয়ার আছে বা মালিকানা আছে এরূপ)'/সংবিধিবদ্ধ (নিজস্ব অর্থায়নের ক্ষেত্রে) সংস্থাসমূহের পূর্তকাজ ও ভৌত সেবা অনুমোদন ১০০ কোটি টাকার উর্ধ্বে, পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ৫০ কোটি টাকার উর্ধ্বে এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক গ্রহণের ক্ষেত্রে ২০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করতে হবে;

*২ মন্ত্রণালয়/বিভাগ কিংবা সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক প্রযোজ্য ক্ষেত্রে কলাম ৫ অথবা ৬ অনুসরণ করতে হবে;

*৩ জাতীয় বেতন স্কেলের পঞ্চম ও তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ এ আর্থিক ক্ষমতা ব্যবহার করতে পারবেন। পঞ্চম গ্রেডের নিম্নের আঞ্চলিক অফিস/ইউনিট প্রধানগণকে এ আর্থিক সীমার ক্রয় প্রস্তাব অনুমোদনের জন্য তাদের নিয়ন্ত্রণকারী পঞ্চম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের নিকট উপস্থাপন করতে হবে।

২। সূত্র (i) ও (ii) এ উল্লিখিত পরিপত্রে বর্ণিত অন্যান্য আর্থিক ক্ষমতা এবং বিষয়াবলি অপরিবর্তিত থাকবে।

৩। পুন:নির্ধারিত এ হার অবিলম্বে কার্যকর হবে।

২০/০৮/২০২৫


(মোঃ হাসানুল মতিন)
অতিরিক্ত সচিব (বাজেট-২)
ফোনঃ ৯৫৭৬০০৯


বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব (সকল), ......................................................মন্ত্রণালয়/বিভাগ।
৫। সদস্য (সকল), ..................................................................বিভাগ, পরিকল্পনা কমিশন।
৬। চেয়ারম্যান, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৭। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক (সকল সংস্থা).................................................।
৮। হিসাব মহানিয়ন্ত্রক/কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স/অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।
৯। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার ..............................................মন্ত্রণালয়/বিভাগ।

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০০৭.২০২১(অংশ-১)-৩৩৬(৩)

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩২ / ১০ আগস্ট ২০২৫

<u>**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**</u>

১। মাননীয় অর্থ উপদেষ্টার একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, (এফএসএমইউ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

২০.৮.২০২৫


(মোছা: রুখসানা রহমান)
যুগ্মসচিব


D:\SHAHANUR\DOCUMENTS\LETTER-11.UNI.DOC